

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৩৫-আইন/২০০৯/২২৩৮/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ৩ পৌষ, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১৭ ডিসেম্বর, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৯২-আইন/২০০৭/২১৭২/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) শর্ত নং (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(ঙ) আমদানিকৃত সমুদয় লবন দ্বারা কেমিক্যাল প্রোডাক্টস্ উৎপাদন করা হইবে মর্মে আমদানিকারক কর্তৃক পরিশিষ্ট-ক অনুযায়ী যথাযথ ম-ল্যের নন-জুডিসিয়াল স্ট্যাশে-র উপর একটি অঙ্গীকারনামা পণ্য চালান শুল্কায়নের প-বেই শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; এবং”;

(২) শর্ত নং (চ) এ উলি-খিত “ব্যাংক গ্যারান্টি” শব্দগুলির পরিবর্তে “অঙ্গীকারনামা” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(৩) শর্ত নং (চ) এর পর নিম্ন বর্ণিত পরিশিষ্ট-ক সংযোজিত হইবে, যথা :-

“পরিশিষ্ট-ক
অঙ্গীকারনামা

আমি ----- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----

----- (প্রতিষ্ঠানের নাম) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং -----
----- তারিখ : ----- ইনভয়েস নং ----- তারিখ : -----
---- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ----- তারিখ : ----- বিল
অব এন্ট্রি নং ----- তারিখ : ----- এর মাধ্যমে
শুল্ক ভবন/স্টেশনের মাধ্যমে আমদানিকৃত লবন কেমিক্যাল প্রোডাক্টস্ উৎপাদনে ব্যবহার করিব।
আমদানিকৃত লবন কেমিক্যাল প্রোডাক্টস্ উৎপাদন ব্যতীত অন্য কোন ব্যবহার বা কোন ব্যক্তি বা
প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করিব না। আমদানিকৃত লবন কেমিক্যাল
প্রোডাক্টস্ উৎপাদন ব্যতীত অন্য কোন ব্যবহার বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য
কোনভাবে হস্তান্তর করা হইলে রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং
এজন্য কোন আইনানুগ পদক্ষেপ গৃহীত হইলে উহাও মানিয়া নিতে বাধ্য থাকিব।

১।সাক্ষী স্বাক্ষর :

২।সাক্ষী

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম :

তারিখ :

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
.....”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ড. নাসিরউদ্দীন আহমেদ)
ভারপ্রাপ্ত সচিব।